

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

Email: [dgdncbd@gmail.com](mailto:dgdncbd@gmail.com), Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

নথি নং-৪৪.০৪.০০০০.০০৬.১১.০৬৩.১৭-৬৬২৪

২৪ আষাঢ়, ১৪২৫  
তারিখ:-----

২৮ জুন, ২০১৮


বিষয়: নিয়োগ পরীক্ষার সময়সূচী সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির নিম্নোক্ত ০৮(আট)টি ক্যাটাগরির পদে কর্মচারী নিয়োগের লিখিত পরীক্ষা পার্শ্ব বর্ণিত সময়সূচী অনুযায়ী তেজগাঁও কলেজ, ১৬ ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্রঃ	ক্যাটাগরির নাম	পরীক্ষার তারিখ	পরীক্ষার সময়
১.	রিসার্চ ইনভেস্টিগেটর (গবেষণা তথ্য সংগ্রহকারী)	২০-০৭-২০১৮	সকাল: ১০:০০ টা - ১১:০০ টা।
২.	গাড়ীচালক	২০-০৭-২০১৮	বিকাল: ০৩:০০ টা - ০৪:০০ টা।
৩.	পরিচ্ছন্নতা কর্মী	০৩-০৮-২০১৮	সকাল: ১০:০০ টা - ১১:০০ টা।
৪.	হিসাবরক্ষক	০৩-০৮-২০১৮	বিকাল: ০৩:০০ টা - ০৪:০০ টা।
৫.	নিরাপত্তা প্রহরী	১০-০৮-২০১৮	সকাল: ১০:০০ টা - ১১:০০ টা।
৬.	সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর	১০-০৮-২০১৮	বিকাল: ০৩:০০ টা - ০৪:০০ টা।
৭.	সহকারী প্রসিকিউটর	১৭-০৮-২০১৮	সকাল: ১০:০০ টা - ১১:০০ টা।
৮.	টেলিফোন অপারেটর	১৭-০৮-২০১৮	বিকাল: ০৩:০০ টা - ০৪:০০ টা।

০২। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে User ID এবং Password ব্যবহার করে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র <http://dnc.teletalk.com.bd> এ ওয়েবসাইট হতে download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। উল্লেখ্য যে, প্রবেশ পত্র download এর তারিখ ও সময় টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক SMS এর মাধ্যমে জানানো হবে।

০৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা এবং মৌখিক ও ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ([www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)) প্রকাশ করা হবে। অধিকন্তু সকল পরীক্ষার ফলাফল মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে এবং দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে।

  
(মোহাম্মদ মামুন)

উপ-পরিচালক(প্রশাসন)

ও

সদস্য সচিব

বিভাগীয় বাছাই / নির্বাচন কমিটি।

ফোন: ৮৮৭০০২০।